**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**08 APRIL 2025** **7:45—7:55 PM IST**

=====================================================

১) তিনজন অধিবক্তার বিরুদ্ধে রাজ্য সরকারের মহাধিবক্তার করা ফৌজদারী মানহানির মামলায় রায়ে গৌহাটি হাইকোর্টের সংরক্ষণ।

২) অরুণাচল প্রদেশের ইটানগরে অর্থ কমিশনের একটি উচ্চ পর্যায়ের দলের রাজ্য সরকারের বিভিন্ন পক্ষের সঙ্গে অর্থ ব্যবস্থা সম্পর্কে পর্যালোচনা।

৩) ডিমাহাসাও জেলার কয়লাখনির ঘটনা সম্পর্কে দেবোলাল গার্লোসার পত্নী কনিকা হোজাইয়ের বিরুদ্ধে মামলা রুজু করতে পুলিশকে আদালতের নির্দেশ।

এবং

৪) মৃদুল হোড় ট্রফি সি ডিভিশন প্রাইজমানি নকআউট ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে অ্যাপোসলস ক্লাব বিজয়ী।

---

রাজ্য সরকারের মহাধিবক্তা দেবোজিৎ শইকিয়া তিনজন অধিবক্তার বিরুদ্ধে করা ফৌজদারী মানহানি মামলার রায় আজ গৌহাটি হাইকোর্ট সংরক্ষিত রেখেছে। দীর্ঘ সময় ধরে চলা শুনানীর শেষে হাইকোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণোই এবং বিচারপতি উন্নীকৃষণ নারায়নের ডিভিশন ব্যাঞ্চ আজ এই রায় সংরক্ষিত রেখেছে।

---

পাঁচদিনের সফরসূচীতে অরুণাচল প্রদেশে আসা ষোড়শ অর্থ কমিশনের একটি উচ্চ পর্যায়ের দল আজ রাজ্যের রাজধানী ইটানগরে রাজ্যসরকার ও বিভিন্ন পক্ষের সঙ্গে আলোচনায় মিলিত হয়েছেন। কমিশনের প্রধান সদস্য এনি জর্জ ম্যাথিউর নেতৃত্বে

দলটি এক সাংবাদিক সম্মেলনে অংশ নেন। এতে শ্রীমতি ম্যাথিউ বলেন যে, কমিশন রাজ্যের মুখ্যমন্ত্রী , উপ-মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রীর সচিব এবং অন্যান্য শীর্ষ আধিকারিকদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন। এই আলোচনায় রাজ্যের আর্থিক স্থিতি, সরকারী বিষয়গুলি এবং বিভিন্ন খন্ডের উন্নয়নকে অন্তর্ভুক্ত করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন যে অরুণাচল প্রদেশ সরকার বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ দাবী সম্পর্কে আলোকপাত করে একটি স্মারকপত্র কমিশনকে প্রেরণ করেছিল। এই স্মারকপত্রে পঞ্চদশ অর্থ কমিশনের পরামর্শ অনুসারে বর্তমানের ৪১ শতাংশ কর থেকে ৪৭ শতাংশ পর্যন্ত বৃদ্ধি করা সম্পর্কে প্রস্তাব দেওয়া হয়েছিলো।

-----------------------------------------------------------------------------------------

মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রনালয় আজ পোষন পক্ষের সপ্তম পর্ব রূপায়ন করেছে । দেশ থেকে পুষ্টিজনিত সমস্যা দূর করে সুস্থ ভারত গড়ার লক্ষ্যে এই কার্যসূচীর আয়োজন করা হয়েছে । এই কার্যসূচীর অংশ হিসেবে এবার চারটি বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে । সে অনুসারে শিশুর জন্ম থেকে প্রথম একহাজার দিনের পুষ্টি নিশ্চিত করা ,হিতাধিকারীদের মধ্যে পুষ্টি নির্ণয়ের জন্য পর্যালোচনা করা ,স্বাস্থ্য সম্মত জীবনশৈলী গড়ে তুলে শিশুর মেদবহুলতা নিয়ন্ত্রণ করা  এবং সামগ্রিকভাবে স্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে । উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আরম্ভ করা এই ধ্বজাবাহী কার্যসূচীর মাধ্যমে গর্ভবতী মহিলা , শিশুকে দুগ্ধপান করানো মা ,কিশোরী তথা ছয় বছর বয়স পর্যন্ত শিশুর পুষ্টি সুনিশ্চিত করার লক্ষ্য নেওয়া হয়েছে । শুরু থেকে এপর্যন্ত ছটি সফল পোষণ পক্ষের আয়োজন করা হয়েছে । এই কার্যসূচীর মাধ্যমে জাতীয় পুষ্টি অভিযানে সম্মিলিত অংশগ্রহণ ত্বরান্বিত হওয়া সহ এ সম্পর্কে সমাজে সচেতনতা বৃদ্ধি পেয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

জাতীয় সড়ক ও পরিকাঠামো উন্নয়ন নিগম লিমিটেডের দ্বারা রাজ্যে রূপায়িত পরিকাঠামো প্রকল্পসমূহের সাম্প্রতিক স্থিতি সম্পর্কে গতকাল মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সংস্থাটির পরিচালন সঞ্চালক ড.কৃষন কুমারের সঙ্গে আলোচনা করেন । সংস্থাটির অধীনে ২৫ হাজার কোটি টাকার গৌহাটী- শিলচর এক্সপ্রেস মহাসড়ক প্রকল্প ,নুমালীগড় -গহপুর সংযোগী সুরংগ পথ  এবং বাইহাটা চারিয়ালি -তেজপুর ও গহপুর -কুলাজান জাতীয় সড়ক নেটওয়র্কের সম্প্রসারন প্রকল্প রূপায়ন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

উত্তর কাছাড় স্বশাসিত পরিষদের ২০২৫-২৬ অর্থবছরের দুদিন ব্যাপী আয়োজিত বিশেষ বাজেট অধিবেশনে ১ হাজার ২ কোটি টাকার বাজেট পেশ করা  হয়েছে ।

পরিষদের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত কার্যবাহী সদস্য ডনপাইনন থাওসেন গতকাল বিশেষ অধিবেশনে এই বাজেট উত্থাপন করেন । এই অধিবেশনে মোট ১ হাজার ২ কোটি ১১ লক্ষ টাকার বাজেটের মধ্যে ৩১২ কোটি ৬৬ লক্ষ টাকা সরকার কর্তৃক অগ্রাধিকারমূলক উন্নয়ন খাতে এবং ৬৮৯ কোটি ৪৪ লক্ষ টাকা প্রতিষ্ঠানিক ব্যয়ের জন্য বরাদ্দ করা হয়েছে । এছাড়া ৭৫ কোটি টাকা পরিষদের বিশেষ মঞ্জুরী খাতে বরাদ্দ করা হয়েছে ।অধিবেশনে অধ্যক্ষতা করেন পরিষদের চেয়ারম্যান মোহিত হোজাই ।

---

চন্দ্রপুরে মহাকাশ নিরিক্ষণ কেন্দ্র স্থাপন করার জন্য ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো আগামী বছরের জানুয়ারী মাসে রাডার স্থাপন করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান ।গতকাল নতুনদিল্লীতে ইসরোর অধ্যক্ষ ভি নারায়ণনের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হওয়ার পর মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সাংবাদিকদের একথা জানান ।তিনি বলেন যে বৈঠকে রাজ্য সরকারের নিজস্ব উদ্যোগে আসাম ট্যাক নামের কৃত্রিম উপগ্রহ স্থাপন করার জন্য রাজ্য সরকার ও ইসরোর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর করার বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে । মুখ্যমন্ত্রী আরও জানান যে শুধুমাত্র আসামের ভূখন্ড নিরিক্ষণ করার জন্য রাজ্য সরকার আসাম ট্যাক নামের কৃত্রিম উপগ্রহটি উৎক্ষেপন করার সিদ্ধান্ত গ্রহণ করা সহ আরও ৬/৭ টি উপগ্রহ স্থাপন করার জন্য চিন্তা ভাবনা করছে ।কম উচ্চতা সম্পন্ন কক্ষপথে এই উপগ্রহ স্থাপন করা হলে অনুপ্রবেশ রোধ করা , সীমান্ত সুরক্ষা , দূর্যোগ ব্যবস্থাপনা , কৃষিক্ষেত্রে উন্নত প্রযুক্তির ব্যবহার , পুলিশ ব্যবস্থাপনার উন্নয়ন সহ বেশ কিছু ক্ষেত্রের উন্নয়ন সাধান সম্ভব বলে তিনি জানান ।

---

ডিমা হাসাও জেলার উমরাংশুর তিনকিলো কয়লাখনিতে ৯ জন শ্রমিকের মৃত্যুর ঘটনা সম্পর্কে হাফলংয়ের মুখ্য ন্যায় দন্ডাধীশের আদালত উত্তরকাছাড় স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসার পত্নী কনিকা হোজাইর বিরুদ্ধে মামলা রুজু করতে পুলিশকে নির্দেশ দিয়েছে । আদালতের নির্দেশে উমরাংশুর তিন কিলো কলামতি কয়লা খনিটি কনিকা হোজাইয়ের নামে পঞ্জীভূক্ত রয়েছে বলে জানানো হয়েছে । উমরাংশু পুলিশ থানায় এই ঘটনা সম্পর্কে উভয়ের বিরুদ্ধে এর আগেও একটি মামলা দায়ের করা হয়েছইল । উল্লেখ্য গত ৬ জানুয়ারী অবৈধ রেট হোল কয়লা খনিটিতে ৯ জন শ্রমিক প্রবেশ করেছিল তবে খনিটিতে জল ঢুকে পরায় তারা আটকা পরে । এবং পরে তাদের মৃতদেহ উদ্ধার করা হয়েছিল ।রাজ্য সরকার এই ঘটনায় এক বিশেষ তদন্ত কমিটিও গঠন করে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলায় আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে ইচ্ছুক প্রার্থীদের মনোনয়ন পত্রের সাথে কর সংক্রান্ত দায়মুক্ত থাকার স্বঘোষনা পত্র জমা দিতে হবে ।

এদিকে জেলায় পঞ্চায়েত নির্বাচন সর্ম্পকিত অভিযোগ , আর্দশ আচরন বিধি লংঘন সংক্রান্ত কোন অভিযোগ নথিভুক্ত করতে জনসাধারনকে টোল ফ্রি নম্বর ১৮০০-৩৪৫-৩৯৬৬ নম্বরে জানাতে বলা হয়েছে । নির্বাচন শেষ না হওয়া পর্য্যন্ত এই টোল ফ্রি নম্বরটি ২৪ ঘন্টা চালু থাকবে বলে জানানো হয়েছে । শ্রীভূমি জেলায় জোনাল ম্যাজিষ্ট্রেট , জোনাল ও সেক্টর অফিসারদের এক প্রশক্ষিন কর্মশালা আগামীকাল বিকেল সাড়ে চারটায় জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে । এদিকে পাথারকান্দি সম জেলার নির্বাচনী পর্য্যবেক্ষক সাজ্জাদ আলম আজ শ্রীভূমি এসেছেন । নির্বাচনী পর্য্যবেক্ষকের ফন নম্বর হচ্ছে ৯৪৩৫১-০৮২৫১ । পর্য্যবেক্ষকের প্রটোকল আধিকারীক হচ্ছেন এল প্রকাশ সিংহ ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচন অবাধ ও সুষ্টভাবে সম্পন্ন করতে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে ০৩৮৪৪-২৯৫০৪৬ । জেলা প্রশাসন থেকে জনসাধারনকে পঞ্চায়েত নির্বাচন সংক্রান্ত কোন খবর ও অভিযোগ কন্ট্রল রুমে জানাতে বলা হয়েছে ।

এদিকে হাইলাকান্দি জেলায় পঞ্চায়েত নির্বাচনে প্রচার অভিযানের জন্য প্রার্থীদের সভা , র‍্যালী , মাইক ,গাড়ি ইত্যাদির অনুমতি সংশ্লিষ্ট চক্র আধিকারীক থেকে সংগ্রহ করতে বলা হয়েছে । জেলা আয়ুক্ত আজ এক বিজ্ঞপ্তী জারী করে এই অনুমতির জন্য সংশ্লিষ্ট থানা থেকে রাজ্য নির্বাচন কমিশনের নীতি-নির্দেশিকা অনুযায়ী পুলিশ রির্পোট সংগ্রহ করতে বলেছেন ।

-----------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত মৃদুল হোড় সি ডিভিশন প্রাইজমানী নক আউট ক্রিকেটের ফাইনালে আজ ক্লাব অ্যাপোসলস বিজয়ী হয়েছে । আজ শিলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনালে ক্লাব অ্যাপোসলস চার রানে বিজয়ী হয়েছে । ক্লাব অ্যাপসলস ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ৯১ রান

তুলতে সক্ষম হয় । জবাবে ব্যাট করতে নেমে পূর্বাশা ক্লাব ৯ উইকেট হারিয়ে ৮৭ রান তুলতে সক্ষম হয় ।

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা , বাকস আয়োজিত চর্তুদশ মিডিয়া ক্রিকেট ফেস্ট-২০২৫ আগামীকাল থেকে শুরু হচ্ছে । আগামীকাল সকাল সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার উদ্বোধনী ম্যাচে হাইলাকান্দি খবর হিরোজ মূখোমূখি হবে অটল প্রেস ফাইটার্স-এর বিরুদ্ধে । দিনের দ্বিতীয় খেলায় নববার্তা মিডিয়া ওয়ারিয়র্স খেলবে বরাক বুলেটিন স্টাইকার্স এর বিরুদ্ধে । এবারের আসরে মোট ৬টি দল অংশ নিচ্ছে । এরমধ্যে কাছাড় জেলার চারটি , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার একটি করে দল রয়েছে । টুর্ণামেন্ট কমিটির কনভেনার শুভেন্দু দাস আমাদের সংবাদদাতাকে জানান --------------বাইট

--------------------------------------------------------------------------------